

নথি নং-৩০.৩১.০০০০.৩০৩.০০৩.০১৭.৮২০

বিষয় : বিদেশী নতুন কোন এয়ারলাইন্সের সিডিউল ফ্লাইট পরিচালনার পূর্বে জামানত গ্রহণ প্রসঙ্গে।

আদেশ

বিদেশী এয়ারলাইন্সের নিকট বেবিচ কর্তৃপক্ষের পাওনা/ বকেয়া বাজফ আদায় নিশ্চিতকল্পে নতুন কোন বিদেশী এয়ারলাইন্স বাংলাদেশ সিডিউল ফ্লাইট পরিচালনা শুরু করার আশ্রয় প্রকাশ করলে, ফ্লাইটের চূড়ান্ত অনুমোদন প্রদানের পূর্বে প্রতিষ্ঠানটির নিকট হতে নিম্নরূপ মোতাবেক জামানত (ফেরতযোগ্য ও সময় যোগ্য) নেয়ার বিঘ্যে বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের পরিচালনা পর্যদের ২৬তম সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় :

(ক) সম্পূর্ণ নতুন কোন বিদেশী বিমান সংস্থা কর্তৃক বাংলাদেশের কোন আন্তর্জাতিক বিমান বন্দরে ফ্লাইট পরিচালনা শুরু করার পূর্বে সিএএবি'র নিকট একটি নির্দিষ্ট পরিমাণ জামানত প্রদান করতে হবে। একবার কোন বিমান বন্দরের জন্য জামানত প্রদান করে ফ্লাইট পরিচালনা শুরু করা হলে অন্য বিমান বন্দরে অপারেশন শুরু করার ক্ষেত্রে ২য়বার জামানতের প্রয়োজন হবে না।

(খ) নগদে উক্ত অর্থ জামানতের পরিমাণ হবে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) ইউ এস ডলার সমপরিমাণ টাকা। প্রাপ্ত জামানতের অর্থ সফসিল ব্যাংকে এফডিআর করা হবে।

(গ) কোন বিমান সংস্থা অপারেশন বন্ধ করলে এবং কোন বাকিয়া থাকলে তা সময়পূর্বক জামানতের অবশিষ্ট অর্থ ফেরৎ দেয়া হবে।

২.০ বিদেশী নতুন কোন এয়ারলাইন্সের সিডিউল ফ্লাইট পরিচালনার আবেদন অনুমোদনের ৭(সাত) দিনের মধ্যে চেয়ারম্যান, সিএএবি বরাবর পে-অর্ডারে মাধ্যমে বর্ণিত অর্থ জমা প্রদান করতে হবে। অন্যথায় ফ্লাইট পারমিশন স্থগিত/বাতিল করা হবে।

৩.০ এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(এয়ার ভাইস মার্শাল মোঃ মুফিদুর রহমান)
বিবিপি, বিএসপি, বিইউপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি
চেয়ারম্যান
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।

বিতরণ:

- ০১। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, সিএএবি, কুর্মিটোলা, ঢাকা।
- ০২। পরিচালক(প্রশাসন), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ০৩। পরিচালক (এটিএম), সিএএবি সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
- ০৪। এয়ারলাইন্স (সকল) -----।
- ০৫। বিমান বন্দর ব্যবস্থাপক (সকল) ----- বিমান বন্দর, সিএএবি।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

- ০১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সদস্য(সকল)----- সিএএবি, সদর দপ্তর, ঢাকা।
- ০৩। পরিচালক(সকল)----- সিএএবি, সদর দপ্তর, ঢাকা।